গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
তথ্য ও অভিযোগ শাখা
www.habiganj.gov.bd

# তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির জুলাই ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ইশরাত জাহান<br>জেলা প্রশাসক, হবিগঞ্জ |
| সভার তারিখ | ১৬ জুলাই ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩:০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসক, হবিগঞ্জ এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সভার শুরুতে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে এবং জনগণ যাতে তথ্য সেবা অতি সহজে পেতে পারে সে লক্ষ্যে এ আইনের বিভিন্ন বিষয়াদি নিয়ে আলোচনা করার জন্য উপস্থিত সকলকে আহবান জানানো হয়।

সভাপতি বলেন যে, সরকার জনগণের সামাজিক নিরাপত্তা ও কল্যাণার্থে অনেক যুগোপযোগী বাস্তবধর্মী আইন প্রণয়ন করছেন। বর্তমান সরকারের আমলে ই-ফাইলিং কার্যক্রম শুরুর মাধ্যমে সর্বক্ষেত্রে জবাবদিহিতা তৈরী হয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯ শীর্ষক আইনটি জনগণকে ক্ষমতায়িত করার বিশেষ ধরণের আইন। তথ্য অধিকার আইনের প্রদত্ত সেবা জনগণ যাতে সহজে পেতে পারেন সেজন্য তথ্য অধিকার আইনের বিষয়বস্তু সম্পর্কে জনগণকে সচেতন করা অপরিহার্য। সে লক্ষ্যে সকল সরকারী/বেসরকারী সংস্থাকে আন্তরিকভাবে কাজ করতে হবে।

উপজেলা পর্যায়ে যে সকল মিটিং অনুষ্ঠিত হয়ে থাকে সে সকল সভায় তথ্য অধিকার আইন সম্পর্কিত বিষয়াদি নিয়ে নিয়মিত আলোচনা করতে হবে এবং ইউনিয়ন পর্যায়ে নিয়মিতভাবে এ বিষয়ে সভা অনুষ্ঠানের বিষয়ে সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে সচেতন থাকতে হবে। কারণ ইউনিয়ন পর্যায়ে সকল স্তরের প্রতিনিধিদেরকে নিয়ে সভা করা হলে এবং তথ্য অধিকার আইন সম্পর্কে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নিয়মিত বিজ্ঞাপন প্রচার করলে এ আইন সম্পর্কে জনগণ অতি সহজে অবহিত হতে পারবে। তিনি আরো বলেন যে, এনজিও প্রতিনিধিগণ বিভিন্ন বিষয়ে জনগণকে সম্পৃক্ত করে উঠান বৈঠক করে থাকেন। ঐ সকল উঠান বৈঠকে জনগণের তথ্য পাওয়ার অধিকার সম্পর্কে আলোচনা করা হলে তথ্য অধিকার আইন সম্পর্কে জনগণ সচেতন হবেন।

| ক্রম | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | তথ্য অধিকার আইন মোতাবেক সকল প্রতিষ্ঠানে তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষ নির্ধারণপূর্বক তার তালিকা তথ্য কমিশনে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। কিন্তু জেলাধীন সকল তথ্য প্রদান ইউনিট থেকে এখনো তথ্য না পাওয়ায় পূর্ণাঙ্গ তথ্যাদি কমিশনে প্রেরণ করা সম্ভব হচ্ছেনা। এখন পর্যন্ত যে সকল দপ্তর থেকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তালিকা প্রেরণ করা হয়নি ঐ সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তালিকা দ্রুত প্রেরণ করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানানোর বিষয়ে আলোচনা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ের যে সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে অদ্যাবধি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা, আপীল কর্তৃপক্ষ নিয়োগ করা হয়নি সে সকল দপ্তরের জেলা কর্মকর্তাগণকে তাদের স্ব-স্ব দপ্তরসহ নিয়ন্ত্রনাধীন সকল উপজেলা দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা, আপীল কর্তৃপক্ষ নিয়োগপূর্বক তার তালিকা এ কার্যালয়ে অতিসত্ত্বর প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ০২ | প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও নেইমপ্লেইট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কক্ষের সামনে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ এবং প্রতিটি দপ্তরের দৃশ্যমানস্থানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল নম্বর ও ওয়েব এড্রেস লিখে সাইনবোর্ড টানানোর বিষয়ে আলোচনা হয়। | প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও নেইমপ্লেইট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কক্ষের সামনে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ এবং প্রতিটি দপ্তরের দৃশ্যমান স্থানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল নম্বর ও ওয়েব এড্রেস লিখে সাইনবোর্ড টানাতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৩ | জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণ এখনো অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেননি তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণ সম্পর্কে আলোচনা হয়।০২ | জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেননি তাদেরকে নিজ উদ্যোগে http:/ infocom.portal.gov. bd এই লিংক হতে অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে এ কার্যালয়কে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৪ | যে সকল উপজেলায় বিভিন্ন প্রকল্পের কাজ চলমান রয়েছে সে সকল প্রকল্পের হালনাগাদ তথ্য প্রকল্পস্থানে সাইনবোর্ড আকারে লাগানোর জন্য আলোচনা হয়। | এ জেলাধীন সকল চলমান প্রকল্পের হালনাগাদ তথ্য প্রকল্পস্থানে সাইনবোর্ড দিয়ে প্রদর্শন করতে হবে। | পানি উন্নয়ন বোর্ড/এলজিইডি /সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ |
| ০৫ | তথ্য সরবরাহের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি বিধান যথাযথভাবে অনুসরণসহ আবেদনকারীর যাচিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয়। | তথ্য সরবরাহের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি বিধান যথাযথভাবে অনুসরণসহ আবেদনকারীর যাচিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৬ | তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কিত বিষয়াদি সম্পর্কে জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেকটি এন,জি,ও যাতে উঠান বৈঠকের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সে বিষয়ে আলোচনা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কিত বিষয়াদি সম্পর্কে জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেকটি এন,জি,ও সংশ্লিষ্ট ইউএনও/সহকারী কমিশনার (ভূমি)/ সংশ্লিষ্ট থানার ওসি-কে সংযুক্ত করে উঠান বৈঠকের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং বৈঠকের ছবি এ কার্যালয়ে প্রেরণ করবেন। | এনজিও প্রতিনিধিগণ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ইশরাত জাহান
জেলা প্রশাসক, হবিগঞ্জ

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০১৩.০৩.০০৭.১৭.১০৪

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩০
১৯ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সচিব , সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৪) পুলিশ সুপার, হবিগঞ্জ

৫) সিভিল সার্জন, হবিগঞ্জ

৬) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, হবিগঞ্জ

৭) অধ্যক্ষ, বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ

৮) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ

৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ

১০) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, হবিগঞ্জ

১১) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, হবিগঞ্জ

১২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ

১৩) জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ

১৪) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, হবিগঞ্জ

১৫) জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ

১৬) সভাপতি, হবিগঞ্জ প্রেসক্লাব, হবিগঞ্জ

১৭) সভাপতি, জেলা বার সমিতি, হবিগঞ্জ

১৮) সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, হবিগঞ্জ

১৯) জনাব ......................................................, .................................

ইশরাত জাহান
জেলা প্রশাসক